


সে-পরিচালক (প্র্যানিং/রিসার্চ)
সকল পরিচালক (নয়টি উপজেলা)
সকল পরিচালক (পায়রা-কুমিল্লা)
সকল পরিচালক (কুষ্টিয়া)
সিনিয়র ডিওএসআর (রিসার্চ)
সিনিয়র প্র্যানার (টাঃ প্রাঃ)/(বিঃ প্রাঃ)
সিনিয়র প্র্যানার (খাঃ সেঃ প্রাঃ-১)/(খাঃ সেঃ প্রাঃ-২)
সিনিয়র প্র্যানার (সেঃ সেঃ প্রাঃ সেঃ)/(সেঃ প্রাঃ)
সহকারী প্রকৌশলী (সার্ভে)
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
হিসাব রক্ষণ কর্মকর্তা
প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগণ

নম্বর: ২৫.০০.০০০০.০১৮.২৭.০০৪.১৮-৪১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-৫
www.mohpw.gov.bd



২৫ মাঘ ১৪২৯

০৮ ফেব্রুয়ারি ২০২৩

প্রজ্ঞাপন

জনাব ফজিলাতুন্নেছা, প্র্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকায় কর্মরত অবস্থায় বিগত ২১/১২/২০১৪ তারিখে অস্ট্রেলিয়ার University of Canberra তে অধ্যয়নের নিমিত্ত ছুটি মঞ্জুরের জন্য আবেদন করেন। তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের ১৭/০২/২০১৫ তারিখের ২৫.০৩.০০০০.০১৪.০০.০০৫.১৩-৭৬ নং পত্রের মাধ্যমে তাঁকে ১৬/০২/২০১৫ হতে ৩১/১২/২০১৬ তারিখ পর্যন্ত “Master of Urban and Regional Planning” কোর্সে অধ্যয়ন করার জন্য বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়। তিনি অসাধারণ ছুটি ভোগ শেষে ০১/০১/২০১৭ তারিখ স্ব-পদে যোগদান করেন। পরবর্তীতে তিনি ০৫/০১/২০১৭ তারিখ হতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে দীর্ঘ ৫ বছর ১১ মাসের অধিক সময় কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। কর্মস্থলে অনুপস্থিত থাকায় নগর উন্নয়ন অধিদপ্তর হতে তাঁকে ১০/০১/২০১৭ তারিখ কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কিন্তু তিনি কোনো জবাব দাখিল করেননি। পরবর্তীতে, নগর উন্নয়ন অধিদপ্তর হতে ৩১/০১/২০১৭ ও ২৬/০২/২০১৭ তারিখ পুনরায় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কিন্তু তিনি কোনো জবাব দাখিল করেননি। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ও (গ) অনুযায়ী তাঁর বিরুদ্ধে “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে ০৩/২০১৮ নম্বর বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিরবণী তাঁর বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল না করায় বিভাগীয় মামলাটি তদন্ত করার লক্ষ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মো: মোতাহার হোসেনকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। অত:পর, বিভাগীয় মামলার ধারাবাহিকতা অনুসরণ করে অভিযুক্ত কর্মকর্তাকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি ২য় কারণ দর্শানো নোটিশেরও কোনো জবাব দাখিল করেননি। তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (ঘ) আলোকে “চাকুরি হতে বরখাস্তকরণ” গুরুদণ্ড প্রদানের নিমিত্ত বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ এর বিধি ৬ অনুযায়ী মতামত প্রদানের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে সরকারি কর্ম কমিশনকে অনুরোধ করা হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে রুজুকৃত ০৩/২০১৮ নম্বর বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ (৩) (ঘ) অনুযায়ী “চাকুরি হতে বরখাস্তকরণ” গুরুদণ্ড প্রদানে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে কমিশন একমত পোষণ করে; এবং

৩। যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত এবং বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (ঘ) এবং বাংলাদেশ সার্ভিস রুলস পার্ট-II এর বিধি ৩৪ অনুযায়ী জনাব ফজিলাতুন্নেছাকে “চাকুরি হতে বরখাস্তকরণ” গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত বহাল রাখা হয়। এবং যেহেতু নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি জনাব ফজিলাতুন্নেছাকে “চাকুরি হতে বরখাস্তকরণ” গুরুদণ্ড আরোপের প্রস্তাব সানুগ্রহ অনুমোদন প্রদান করেছেন;

৪। সেহেতু, জনাব ফজিলাতুন্নেছা, প্র্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ও (গ) অনুযায়ী যথাক্রমে “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় দোষী সাব্যস্ত করে একই বিধিমালায় বিধি ৪ এর উপবিধি ৩ এর (ঘ) এবং বাংলাদেশ সার্ভিস রুলস পার্ট-II এর বিধি ৩৪ অনুযায়ী “চাকুরি হতে বরখাস্ত” করা হলো।

৫। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
০৮/০২/২০২৩
(কাজী ওয়াছি উদ্দিন)
সচিব



নম্বর: ২৫.০০.০০০০.০১৮.২৭.০০৪.১৮-৪১ (১০)

তারিখ: ২৫ মাঘ ১৪২৯
০৮ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ০২। পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো এবং প্রকাশিত ০৫ কপি গেজেট এ মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ০৭। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি অত্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৯। জনাব ফজিলাতুন্নেছা, প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। অফিস কপি/মাস্টার ফাইল।

Naile
০৮/২/২০২৩
নায়লা আহমেদ

যুগ্মসচিব

দুরালাপনী: ০২-২২৩৩৮৯০০৬